# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

২১। অপর মুসলিমের সাথে খেতে এঁটো খাওয়া দূষণীয় নয়

এতে কোন মুসলিমের অকারণে ঘৃণা হওয়াও উচিত নয়। কারণ, রসূল (ﷺ) সহ সাহাবীগণ একপাত্রেই পানাহার করেছেন। বিশেষ করে স্ত্রীর এঁটো খেতে অরুচি হওয়া উচিত নয় কোন স্বামীর। যেহেতু সকল মানুষের জন্য আদর্শ স্বামী রসূল (ﷺ) নিজ স্ত্রীর (মাসিক অবস্থাতেও) এঁটো খেয়েছেন। বরং মা আয়েশা পানপাত্রের যে জায়গায় মুখ লাগিয়ে পানি পান করতেন, তিনিও সেই জায়গায় মুখ লাগিয়ে পান করতেন। যে হাড় থেকে হযরত আয়েশা মাংস ছাড়িয়ে খেতেন, সেই হাড় নিয়েই ঠিক সেই জায়গাতেই মুখ রেখে আল্লাহর নবী (ﷺ) মাংস ছাড়িয়ে খেতেন।[1]

ফুটনোট

[1]. আহমাদ, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/৩০০,

Source — https://www.hadithbd.com/books/link/?id=6976

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন